**2024/TDC(CBCS)/EVEN/SEM/**
**BNGLAN–401T (Arts/Com)/409**

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGLAN–401T

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Elearning Info
https://www.elearninginfo.in

## For Arts students only

Course No. : BNGLAN–401T (Arts)

**( বিশ শতকের বাংলা সাহিত্য )**

UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) জীবনানন্দ দাশের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?

(খ) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি কত বঙ্গাব্দে প্রকাশিত হয়েছিল?

(গ) 'আকাশে সাতটি তারা যখন উঠেছে ফুটে'—আকাশে সাতটি তারা কখন ফুটে ওঠে ?

(ঘ) 'আবার আসিব ফিরে' কবিতাটি জীবনানন্দ দাশের কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

(ঙ) নবান্ন শব্দের অর্থ কী ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি কাদের উৎসর্গ করা হয়েছে ? এই কাব্যগ্রন্থটির প্রচ্ছদ চিত্রশিল্পী কে ছিলেন ?

(খ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কোন্ কোন্ মনুষ্যেতর প্রাণীরূপে ফিরে আসতে চেয়েছেন ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'আকাশে সাতটি তারা' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি বাংলার প্রতি যে ভালোবাসা ব্যক্ত করেছেন তা উদ্ধৃতি সহযোগে পর্যালোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল ?

(খ) 'শ্রীকান্ত' উপন্যাসের নতুনদা কে ?





(গ) রাজলক্ষ্মীর বড় বোনের নাম কী ছিল ?

(ঘ) শ্রীকান্তের সঙ্গে পিয়ারী বাইজীর প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল ?

(ঙ) 'শ্রীকান্ত' উপন্যাসে শ্রীকান্তের প্রিয় বন্ধুটির নাম কী ?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসটি 'ভারতবর্ষ' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হবার সময় লেখকের কী নাম ছিল ? এই উপন্যাস ছাড়া শরৎচন্দ্রের অন্য দুটি উপন্যাসের নাম লেখো।

(খ) অন্নদাদিদির স্বামীর নাম কী ছিল ? তিনি কাকে হত্যা করে নিরুদ্দেশ হয়েছিলেন ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসের হাস্যরস সৃষ্টিতে শরৎচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও।

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে রাজলক্ষ্মী চরিত্রটি বিশ্লেষণ করো।

## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'রথের রশি' নাটকটি কত সালে প্রকাশিত হয় ?

(খ) 'রথের রশি' নাটকটির প্রথমে কী নাম ছিল ?



Elearning Info
https://www.elearninginfo.in

(গ) "ওরা ছিল কালের প্রথম বাহন"—এখানে 'ওরা' বলতে 'রথের রশি' নাটকে কাদের বোঝানো হয়েছিল?

(ঘ) 'রথের রশি' নাটকে রথ কীসের প্রতীক?

(ঙ) 'কেতন' শব্দের অর্থ কী?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'রথের রশি' নাটকটি কত সালে রচিত হয়? নাটকটি রবীন্দ্রনাথের কোন্ নাটকের পরিবর্তিত ও পুনর্লিখিত নাট্যরূপ?

(খ) "আমরা মানি সুন্দরকে, তোমরা মানো কঠোরকে"—বক্তা কে? কারা সুন্দরকে মানেন আর কারা মানেন কঠোরকে?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'রথের রশি' নাটক অবলম্বনে শ্রমজীবী মানুষের জাগরণ আলোচনা করো।

(খ) 'রথের রশি' নাটকের নারী চরিত্রগুলি পর্যালোচনা করো।

UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) প্রেমেন্দ্র মিত্র কোন্ পত্রিকাগোষ্ঠীর লেখক ছিলেন?

(খ) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?





(গ) 'পুন্নাম' গল্পের ললিতের ছেলের নাম কী?

(ঘ) 'শুধু কেরানি' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত?

(ঙ) 'শৃঙ্খল' গল্পের নায়কের নাম কী?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) প্রেমেন্দ্র মিত্রের পিতা-মাতার নাম লেখো।

(খ) 'পুন্নাম' গল্পটি গল্পকারের কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত? এই গল্পের নারী চরিত্রটির নাম উল্লেখ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানি' গল্পে গল্পকার মধ্যবিত্ত সমাজ-জীবনকে যেভাবে দেখিয়েছেন তা গল্প অবলম্বনে বিশদ করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) নজরুল ইসলামের ডাকনাম কী ছিল?

(খ) নজরুলের সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।



Elearning Info https://www.elearninginfo.in

(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচিত প্রথম গল্প কোনটি?

(ঘ) রাঢ় বাংলার কথাসাহিত্যিক কে?

(ঙ) নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ রচনা কোনটি? তাঁর মৃত্যুর পর প্রকাশিত উপন্যাসটির নাম লেখো।

(খ) 'নবান্ন' নাটকটির নাট্যকার কে? এই নাটকটির কাহিনি কোন্ বিষয় নিয়ে রচিত হয়েছে?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা সাহিত্যে 'বিদ্রোহী কবি' হিসেবে কাজী নজরুল ইসলামের অবদান সম্পর্কে সংক্ষিপ্তভাবে তোমার নিজের ভাষায় লেখো।

(খ) বাংলা নবনাট্য আন্দোলনের ধারায় বিজন ভট্টাচার্যের কৃতিত্বের পরিচয় দাও।





For Commerce students only

Course No. : BNGLAN–401T (Com)

( বিশ শতকের বাংলা সাহিত্য ও বাণিজ্যিক লেখন )

UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কত খ্রিস্টাব্দে কবি সুকান্ত ভট্টাচার্য জন্মগ্রহণ করেন?

(খ) 'নব জাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার'—তোমার পাঠ্য কোন্ কবিতায় এই অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে?

(গ) কবি সুকান্ত কোন্ রাজনৈতিক মতবাদে বিশ্বাসী ছিলেন?

(ঘ) 'তারপর এক সময় আঁস্তাকুড়েও এল অংশীদার'—এই অংশীদাররা কারা?

(ঙ) "আমরা সবাই জ্বলে উঠেছিলাম—একই বাক্সে।" কথাগুলি কার?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সুকান্ত ভট্টাচার্যের পিতা ও মাতার নাম কী?

(খ) 'অনেকে আজ নিরাপদ'—কারা, কার জন্য আজ নিরাপদ?



Elearning Info https://www.elearninginfo.in

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) তোমার পাঠ্য 'ছাড়পত্র' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

(খ) "এটা মোটেই মোরগের কাহিনি নয়, এ কাহিনি হল সামন্তবাদী পুঁজিবাদী সমাজের ক্ষুধিত মানুষের কাহিনি।" 'একটি মোরগের কাহিনি' কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) স্বামী বিবেকানন্দের গুরু কে ছিলেন?

(খ) স্বামীজী প্রাচ্য বলতে কোন্ দেশকে বুঝিয়েছেন?

(গ) বিদেশের কোন্ শহরে স্বামীজী প্রথম হিন্দু ধর্ম সম্বন্ধে বক্তৃতা দিয়েছিলেন?

(ঘ) 'তুমি যত বলবান নিজেকে ভাব, এটা কল্পনা'—কাদের উদ্দেশ্যে এই উক্তি?

(ঙ) স্বামী বিবেকানন্দের জন্ম সন কত?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থের প্রবন্ধগুলি প্রথমে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? গ্রন্থটির প্রথম প্রকাশকাল কত?

(খ) স্বামী বিবেকানন্দের মাতার নাম কী? স্বামীজীর সমাধি কোথায় অবস্থিত?





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধ অবলম্বনে প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতা ও জীবনধারার একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(খ) "এককালে এই ভারতবর্ষে ধর্মের আর মোক্ষের সামঞ্জস্য ছিল।" বিবেকানন্দের মত অনুসরণ করে প্রাচীন ভারতবর্ষের সমন্বয়বাদী অধ্যাত্ম চেতনার পরিচয় দাও।

## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) গল্পকার প্রভাতকুমার মুখোপাধ্যায়ের পেশা কী ছিল?

(খ) কাশিবাসিনী বৃদ্ধার কন্যার নাম কী?

(গ) পোস্টমাস্টার বিমলের বাড়ি কোন্ জেলায়?

(ঘ) বিয়ের নিমন্ত্রণে যাওয়ার জন্য জয়রাম মুখোপাধ্যায় কী আনাতে চেয়েছিলেন?

(ঙ) 'বি.এ. পাশ কয়েদী'টির নাম কী?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের যে কোনো দুটি ছোট গল্প-সংকলনের নাম লেখো।

(খ) "হ্যাঁ দাদামশায়। যাবার সময় তার চোখ দিয়ে টপ্ টপ্ করে জল পড়তে লাগল।" বক্তা কে? কার চোখ দিয়ে জল পড়ছিল?



Elearning Info https://www.elearninginfo.in

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'কাশিবাসিনী' গল্প সম্বন্ধে সমালোচক জগদীশ ভট্টাচার্য মন্তব্য করেছেন—"আকস্মিক দৈব বিড়ম্বনায় পদস্খলিতা এক নারীর সন্তান-স্নেহের অমৃতধারায় এ গল্প সুধাস্বাদী।" গল্পটি বিশ্লেষণ করে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

(খ) " 'আদরিণী' গল্পে একটি অবলা জীবকে কেন্দ্র করে যে মিলন-বিচ্ছেদ কথা রচিত হয়েছে, তা বাংলার আগমনী-বিজয়ার মতই বাৎসল্য-রসমধুর।" আলোচনা করো।

## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বাণিজ্যিক পত্রের ইংরেজি পরিভাষা কী?

(খ) কোন্ ব্যাঙ্কটিকে ভারতের সেন্ট্রাল ব্যাঙ্ক বলা হয়?

(গ) ভারতের যে কোনো একটি বাণিজ্যিক ব্যাঙ্কের নাম লেখো।

(ঘ) নোটবন্দির ইংরেজি পরিভাষা কী?

(ঙ) Marginal price কথাটির বাংলা কী?





১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বাণিজ্যিক পত্র লিখনে যে যে বিষয়ের উপর গুরুত্ব দিতে হয়, তার যে কোনো দুটির কথা উল্লেখ করো।

(খ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো দুটি)

Bonous ; Ledger ; Bankrupt.

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) সম্প্রতি তোমার প্রতিষ্ঠান একটি নতুন পণ্য উৎপাদন করেছে। এ বিষয়ে ক্রেতা সাধারণের দৃষ্টি আকর্ষণ করার জন্য একটি প্রচারপত্র রচনা করো।

(খ) বাণিজ্যিক পরিভাষা লেখো (যে কোনো আটটি) :

Rebate ; Invoice ; Manager ; Industrialization ; Auction ; Surcharge ; Import duty ; Quotation ; Exchange ratio ; Inflation.

## UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বিজ্ঞাপন প্রচারের যে কোনো একটি মাধ্যমের নাম লেখো।

(খ) বাণিজ্য মেলার ইংরেজি পরিভাষা কী?

(গ) বারুণী মেলা কোথায় অনুষ্ঠিত হয়?

(ঘ) আসামের যে কোনো একটি কৃষিজাত পণ্যের নাম লেখো।

(ঙ) নদী থেকে উৎপাদিত যে কোনো একটি নির্মাণ সামগ্রীর নাম লেখো।



Elearning Info
https://www.elearninginfo.in

১৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) আসামের যে কোনো দুটি কুটির শিল্পজাত সামগ্রীর নাম লেখো।

(খ) আসামে ধান চাষের যে কোনো দুটি সমস্যার কথা উল্লেখ করো।

১৫। রচনা লেখো (যে কোনো একটি) : ৮

(ক) ব্যবসা বাণিজ্যে বিজ্ঞাপনের ভূমিকা

(খ) বাণিজ্য শিক্ষার প্রয়োজনীয়তা

★★★

Elearninginfo
https://www.elearninginfo.in